GMRCL invites applications from qualified and experienced candidates for the post of **Dy. General Manager (Civil-Safety), Dy. General Manager (Civil-QA/QC), Asst. Manager (Civil-Safety), Asst. Manager (Civil-QA/QC), Section Engineer (Civil-Safety), Section Engineer (Civil-QA/QC), Section Engineer (Rolling Stock), Section Engineer (Track), Engineer - Sr. Grade (M&P), Engineer - Sr. Grade (Rolling Stock), Engineer - Jr. Grade (Signalling) on contract/deputation basis.** For detailed recruitment notification, please visit career page of our website **www.gujaratmetrorail.com.**

THE BIGGEST CAPITAL ONE CAN POSSESS KNOWLEDGE

FINANCIAL EXPRESS
Read to Lead

পুলিশকে গুলি, অধরা অভিযুক্ত তাই পুলিশ ব্যর্থ বলা ঠিক নয় : অগ্নিমিত্রা পাল

বিপুন ভট্টাচার্য, বর্ধমান : বোলপুরে পুলিশকে গুলি করে পালিয়ে যাওয়া দুষ্কৃতী এখনো গ্রেফতার না হওয়া নিয়ে শনিবার রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল সাফ জানান, 'এখনও ধরা পড়েনি বলেই পুলিশ ব্যর্থ এটা কি আমরা বলতে পারি?' এদিন বর্ধমান বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের এক অনুষ্ঠানে যোগ দিতে এসে মন্ত্রী বলেন, 'একজন আসামি কাউকে গুলি করে দিল, সেই পুলিশ কনস্টেবল আজকে লড়াই করছেন মৃত্যুর সঙ্গে। তিনি ভরতি রয়েছেন হাসপাতালে। আর সেই আসামিকে এখনও ধরা হয়নি বলে পুলিশ ব্যর্থ, এটা কি আমরা বলতে পারি? হয়তো কয়েক ঘণ্টা দেরি হচ্ছে, কিন্তু নিশ্চিন্ত থাকুন। যে আসামি গুলি করেছে, আমরা ছেড়ে কথা বলব না।' উল্লেখ্য, এদিনই বর্ধমান হাসপাতালে শান্তিনিকেতন থানার গুলিবিদ্ধ কনস্টেবলের সঙ্গে দেখা করেন ডিআইজি (বর্ধমান রেঞ্জ) শ্রীহরি পাণ্ডে। শুক্রবার সন্ধ্যায় আসামি ধরতে গিয়ে গুলিবিদ্ধ হন কনস্টেবল বিশ্বজিৎ দাস। তাঁকে বোলপুর মহকুমা হাসপাতাল থেকে বর্ধমান হাসপাতালে রাতেই পাঠানো হয়। পুলিশ সূত্রে জানা গেছে, অভিযুক্তকে গ্রেফতার করতে গেলে সে আচমকাই কনস্টেবল বিশ্বজিতকে লক্ষ্য করে গুলি চালায়। এরপর ঘটনাস্থল থেকে পালিয়ে যায় অভিযুক্ত। গুলিবিদ্ধ কনস্টেবলকে তড়িঘড়ি উদ্ধার করে প্রথমে বোলপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কনস্টেবলের বাঁ পায়ের হাঁটুর ওপরে গুলি লাগে। হাসপাতাল সূত্রে জানা গেছে, তিনি সুস্থ



রয়েছেন। তবে তার পায়ে গুলি পাওয়া যায়নি। তাকে মেডিক্যালের আইসিসিইউতে ভরতি রাখা হয়েছে। ডিআইজি শ্রীহরি পাণ্ডে জানান, 'ডাক্তারের সঙ্গে কথা হয়েছে উনি বললেন, ঠিক কন্ডিশনেই আছেন। খুব একটা চিন্তাজনক ব্যাপার নেই। ও খুব শিগগিরই সেরে উঠবেন। একটা অপরাধ হয়েছে আমরা ওটা দেখছি। তদন্ত চলছে, অপরাধী খুব তাড়াতাড়ি ধরা পড়বে।' এদিকে, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের পুলিশকে ধমক নিয়ে এদিন পালটা হুঁশিয়ারি দেন অগ্নিমিত্রা পাল। তিনি বলেন, 'ওঁর ধমকের আমরা ধার ধারি না। ১৫ বছর ধমকেছেন, পুলিশকে ছোটো করেছেন, পুলিশকে দিয়ে কালীঘাটের বাড়িতে খিচুড়ি দেওয়া করিয়েছেন। তুই তোকারি করে সম্বোধন করেছেন। আমরা ওই সংস্কৃতিতে বিশ্বাস করি না। পুলিশকে পুরো ছুট দেওয়া আছে যাতে আইনশৃঙ্খলা নিয়ে কোনরকম এদিক ওদিক না হয়। সুতরাং ভাইপো কী বলল, কী ধমকালো তা নিয়ে আমরা ভাবছি না। আর বেশি যদি ধমকান অন্য লোকের যা শাস্তি হয় অভিষেক ব্যানার্জি আপনারও সেই শাস্তি হবে। আপনি কোনো স্পেশাল প্রোটেকশন পাবেন না এই সরকারে।' সম্প্রতি কলকাতায় প্রিয়রঞ্জন দাসমুন্সির মূর্তি উদ্বোধনে বিরোধীদের একজোটের বার্তা সম্পর্কে অগ্নিমিত্রা বলেন, 'আসলে ওরা অনিশ্চিয়তায় ভুগছে। তাতে আমরা খুব একটা বেশি চিন্তিত নই। কারণ বিরোধীরা পুরসভার আগে, পরে, লোকসভার আগে তারা যতই এক হোক, এটা বোঝা যাচ্ছে যে তারা কতটা ইনসিকিউর হয়ে পড়েছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের তৃণমূল এত ভয় পাচ্ছে কেন? আমরা তো ভোটের জন্য প্রস্তুত। একে ধরছেন, ওর সঙ্গে জোট বানাচ্ছেন। ১৫ বছর মানুষের যে বিশ্বাস তার ওপর আঘাত করলে আজ এই অবস্থাই হয়। আপনারা যতই জোট বাঁধুন, মানুষের ভরসা বিজেপি। আমাদের একটাই কাজ, মুখ্যমন্ত্রী বলেছেন গ্রাউন্ড লেভেলে নেমে কাজ করুন, আমরা সেটাই করছি।' শনিবার বর্ধমান বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের প্রাক্তনীদের ২দিন ব্যাপী ১৩তম পুর্নমিলন অনুষ্ঠানে যোগ দেন রাজ্যের শিল্পপ্রতিমন্ত্রী মৌমিতা বিশ্বাস মিশ্র, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শংকর কুমার নাথ সহ আইন বিভাগের আধিকারিকরাও।

খোকন দাসের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান : চাকরি দেওয়ার নামে প্রতারণায় আরও একটি অভিযোগ দায়ের হতে চলেছে বর্ধমান দক্ষিণের প্রাক্তন তৃণমূল বিধায়ক খোকন দাসের বিরুদ্ধে। খোদ গলসির বিজেপি বিধায়ক রাজু পাত্রের ৩ আত্মীয়কে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে অস্থায়ী পদে চাকরি দেওয়ার নাম করে ২ লাখ করে মোট ৬ লাখ টাকা নেওয়ার অভিযোগ করেছেন বিধায়ক। তাঁর অভিযোগ, ওই আত্মীয়রা খোকন দাসকে ৬ লাখ টাকা দিয়েছিলেন বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে চাকরির জন্য। যদিও তিনি বিষয়টি জানতেন না। ৪ মের পর তিনি জানতে পারেন। আর এরপর থেকেই ওই টাকা ফেরতের জন্য চেষ্টা চালান। কিন্তু খোকন দাস এখন জেলে। তাঁর ছেলে ওই টাকা ফেরত দেবেন বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু তিনি এখনও তা দেননি। তাই এবার খোকন দাসের বিরুদ্ধে চাকরি দেওয়ার নাম করে অর্থ আত্মসাত ও প্রতারণার মামলা দায়ের করতে চলেছেন।

জোড়া মৃত্যুর ঘটনায় বাড়ছে রহস্য, বাবার শরীরে ক্ষতচিহ্ন

দমদম

অলক আচার্য, নাগেরবাজার : শুক্রবার দমদমের শেঠবাগানে রহস্যজনক পরিস্থিতিতে বাবা ও ছেলের মৃত্যু হয়। এক আবাসনের ৩তলার বন্ধ ফ্ল্যাট থেকে উদ্ধার হয় তপনকুমার চট্টোপাধ্যায় (৭২) ও তাঁর ছেলে এম ডি হোসেন ওরফে সূর্য্য (২২) দেহ। সন্তান না হওয়ায় সূর্যকে দত্তক নিয়েছিলেন তপন চট্টোপাধ্যায়। তবে কীভাবে দু'জনের মৃত্যু হয়েছে তা নিয়ে তৈরি হয়েছে ধোঁয়াশা। ফ্ল্যাটের ভেতরে গ্যাসের গন্ধ পাওয়া গেছে। অন্যদিকে, তপন চট্টোপাধ্যায়ের শরীরে আঘাতের চিহ্নও মিলেছে বলে পুলিশ সূত্রে খবর। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে নাগেরবাজার থানার পুলিশ। জানা গেছে, ওই বৃদ্ধ এক বেসরকারি ব্যাঙ্কে কর্মরত ছিলেন। শুক্রবার দীর্ঘক্ষণ ফ্ল্যাটের দরজা বন্ধ থাকতে দেখে সন্দেহ হয় প্রতিবেশীদের। বৃহস্পতিবার থেকেই বাড়ির ভেতর থেকে কোনও সাড়া পাওয়া যাচ্ছিল না। এরপর আত্মীয়স্বজন ও স্থানীয়দের কাছ থেকে খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছোয় নাগেরবাজার থানার পুলিশ। ফ্ল্যাটের দরজা ভেঙে ভেতরে ঢুকতেই দেখা যায়, ২টি আলাদা ঘরে পড়ে রয়েছে বাবা ও ছেলের দেহ। তাঁদের উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়। এই ঘটনায় সবচেয়ে বেশি রহস্য তৈরি হয়েছে ফ্ল্যাটের ভেতরে পাওয়া গ্যাসের গন্ধ থেকে। পুলিশ যখন দরজা ভেঙে ভেতরে ঢোকে, তখন গোটা ঘরে গ্যাসের গন্ধ ছিল। রান্নাঘরের গ্যাসের বার্নারের নবও খোলা ছিল। এই গ্যাসের সঙ্গে বাবা ও ছেলের মৃত্যুর কোনও যোগসূত্র রয়েছে কিনা, তা খতিয়ে দেখছেন তদন্তকারীরা। এটি নিছক দুর্ঘটনা, নাকি এর পেছনে অন্য কোনও কারণ রয়েছে, তা এখনো স্পষ্ট নয়। বাবার শরীরে আঘাতের চিহ্ন থেকে খুনের তত্ত্বও সামনে এসেছে। পুলিশি তদন্তে জানা গেছে, তপনকুমার চট্টোপাধ্যায়ের কানের পেছনে গভীর ক্ষতচিহ্ন পাওয়া গেছে। তদন্তকারীদের প্রাথমিক অনুমান, নেশাগ্রস্ত অবস্থায় সূর্য তাঁর বাবাকে আঘাত করে থাকতে পারেন। এরপর অনুশোচনা থেকে আত্মঘাতী হওয়ার সম্ভাবনাও খতিয়ে দেখা হচ্ছে। ময়নাতদন্তের রিপোর্টে কী আসে তার অপেক্ষায় রয়েছে পুলিশ।

বরানগরকাণ্ডে ধৃত প্রেমিকের থেকে উদ্ধার মৃত তরুণীর গয়না ও মোবাইল

প্রতীতি ঘোষ, বারাকপুর : ভাইফোঁটার আগের রাতে বরানগরের ফ্ল্যাট থেকে উদ্ধার হয়েছিল অঞ্জলি সাউয়ের নিথর দেহ। এই ঘটনায় বরানগর থানার পুলিশ তাঁর প্রেমিক ধরমবীরকে দিল্লির আনন্দ বিহার স্টেশনের লাগোয়া এলাকা থেকে গ্রেফতার করে। ধৃতকে জেরা করে খুনের প্রকৃত কারণ জানার চেষ্টা চালাচ্ছেন তদন্তকারীরা। এদিকে, দিল্লি থেকে ধৃত ধরমবীর কুমারকে ট্রানজিট রিমান্ডে এই রাজ্যে এনে শনিবার বারাকপুর মহকুমা আদালতে তোলা হয়। বিচারক তাকে ১০ দিনের জন্য পুলিশি হেফাজতে রাখার নির্দেশ দিয়েছেন। পুলিশ জানিয়েছে, ধৃত ধরমবীরের কাছ থেকে অঞ্জলির কিছু গয়না ও মোবাইলটি উদ্ধার করা গেছে। খুনের পর অঞ্জলির ওই গয়না ও মোবাইলের খোঁজ পাচ্ছিল না পুলিশ।

কালীপুজোর বিসর্জনে ব্যস্ত পরিবার সোনারপুরে ফাঁকা বাড়িতে চুরি

সত্যজিৎ বন্দ্যোপাধ্যায়, সোনারপুর: সোনারপুর থানা এলাকার সাঙ্গুরে সরকার পরিবারের লোকরা কালীপুজোর প্রতিমা নিরঞ্জনে ব্যস্ত ছিলেন। সেই সুযোগে ফাঁকা বাড়িতে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটে। বাড়ির মূল গেটের তালা ভেঙে নগদ ৫০ হাজার টাকা ও প্রায় ৫-৬ লাখ টাকার সোনা ও রুপোর গয়না চুরি হয়েছে বলে দাবি পরিবারের। ঘটনায় সোনারপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করেছে পুলিশ। জানা গেছে, সোনারপুরের সাঙ্গুর এলাকার বাসিন্দা রানা সরকার স্থানীয় কালীপুজোর দায়িত্বে ছিলেন। পুজোর কিছু টাকা ও তাঁর ব্যক্তিগত টাকা বাড়িতেই রাখা ছিল। কালীপুজোর বিসর্জন উপলক্ষে পরিবারের সকলেই ব্যস্ত ছিলেন। রাত সাড়ে ১১টা পর্যন্ত তাঁরা বাড়িতে যাতায়াত করেছিলেন। সেসময় পর্যন্ত স্বাভাবিক ছিল। অভিযোগ, রাত সাড়ে ১১টা থেকে দেড়টা পর্যন্ত পরিবারের লোকরা প্রতিমা নিরঞ্জনে ব্যস্ত ছিলেন। রাত দেড়টা নাগাদ বাড়িতে ফিরে তাঁরা দেখেন মূল গেটের তালা ভাঙা। ঘরের ভেতরে ঢুকতেই চোখে পড়ে আলমারি তছনছ অবস্থায় পড়ে রয়েছে। আলমারিতে রাখা নগদ ৫০ হাজার টাকা, সোনার চেন, সোনার শাখা বাঁধানো, কানের দুল-সহ বিভিন্ন সোনা ও রুপোর গয়না উধাও। পরিবারের দাবি, চুরি যাওয়া গয়নার আনুমানিক মূল্য ৫-৬ লাখ টাকা। পুজোর বিসর্জনের ব্যস্ততার সুযোগ নিয়ে দুষ্কৃতীরা পরিকল্পিতভাবে এই চুরি করেছে বলে সন্দেহ পরিবারের। কীভাবে দুষ্কৃতীরা বাড়িতে ঢুকল, চুরির ঘটনায় কতজন জড়িত আগে থেকে বাড়ির ওপর নজরদারি চালানো হয়েছিল কিনা, তা খতিয়ে দেখছে সোনারপুর থানার পুলিশ। অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্ত শুরু হয়েছে। এখনও পর্যন্ত কাউকে গ্রেফতারের খবর পাওয়া যায়নি। তবে পুলিশের অনুমান, চেনা জানা কেউ এর সঙ্গে জড়িত।

অণ্ডালে দুষ্কৃতী গ্রেফতার

অগ্নি বন্দ্যোপাধ্যায়, অণ্ডাল : শুক্রবার গভীর রাতে পাণ্ডবেশ্বরের টুমনির জঙ্গলে একদল দুষ্কৃতী অপরাধের উদ্দেশ্যে জড়ো হয়। গোপন সূত্রে খবর পেয়ে পাণ্ডবেশ্বর থানার পুলিশ রাতের অন্ধকারে টুমনির জঙ্গলে অভিযান চালায়। অভিযানে আগ্নেয়াস্ত্র সহ মোট ১০ দুষ্কৃতীকে গ্রেফতার করা হয়। জানা গেছে, ধৃতদের মধ্যে ৬ জন পাণ্ডবেশ্বর ডিভিসি এলাকার বাসিন্দা। ৩জন ঝাড়খণ্ডের জামতারার বাসিন্দা। আরেকজনের বাড়ি জামুড়িয়ার হোসেননগরে। পুলিশ জানায় ধৃতদের কাছ থেকে ১টি আগ্নেয়াস্ত্র, সাইকেলের চেন ও ব্যাট উদ্ধার হয়েছে। আর কেউ জড়িত আছে কিনা তাও পুলিশ খতিয়ে দেখছে।

সাঁকরাইলের সোনার দোকানে ডাকাতির ঘটনার পুনর্নির্মাণ

ভাস্কর বিশ্বাস হাওড়া : সাঁকরাইলের এক সোনার দোকানে ঘটে যাওয়া ডাকাতির ঘটনার পুনর্নির্মাণ করল পুলিশ। ধৃত ৭ দুষ্কৃতীকে কোমরে দড়ি বেঁধে কড়া পুলিশি পাহারায় সরাসরি অপরাধস্থলে নিয়ে যাওয়া হয়। কীভাবে দুষ্কৃতীরা দোকানে ঢুকেছিল, অস্ত্র দেখিয়ে লুঠপাট চালিয়ে পালিয়েছিল, তার প্রতিটি পদক্ষেপ খতিয়ে দেখেন তদন্তকারী আধিকারিকরা। প্রসঙ্গত, ৪ নভেম্বর সাঁকরাইলের ওই সোনার দোকানে ফিল্মি কায়দায় হানা দিয়েছিল সশস্ত্র ডাকাত দল। ঘটনার গুরুত্ব বুঝে পুলিশি তদন্ত শুরু হয়। দীর্ঘ তল্লাশি ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে বিহারের পাটনা থেকে ৭ দুষ্কৃতীকে গ্রেফতার করা হয়। পরবর্তী সময়ে ধৃতদের নিজেদের হেফাজতে নিয়ে পুলিশ এই পুনর্নির্মাণ করে। পুলিশ সূত্রে জানা গেছে, ধৃতদের জেরা করে ও তল্লাশি চালিয়ে ডাকাতি হওয়া সব সোনা ও রূপোর গয়না উদ্ধার হয়েছে। পাশাপাশি, ওই ডাকাতিতে ব্যবহৃত আগ্নেয়াস্ত্রও উদ্ধার করেছে পুলিশ। গ্যাঙয়ের বাকি সদস্যদের সন্ধান পেতে এই পুনর্নির্মাণ কার্যকরী ভূমিকা নেবে বলে জানায় পুলিশ।

জনবসতিপূর্ণ এলাকায় মদের দোকান নিয়ে ক্ষোভ বিধায়কের

নিজস্ব সংবাদদাতা, অণ্ডাল : জনবসতিপূর্ণ এলাকায় মদের দোকান কীভাবে চলছে দোকানের বৈধ লাইসেন্স রয়েছে কিনা, তা নিয়ে দোকান মালিকের কাছে জবাব চাইলেন পাণ্ডবেশ্বরের বিজেপি বিধায়ক জিতেন্দ্র তেওয়ারি। সম্প্রতি দুর্গাপুর-ফরিদপুর ব্লকের জব্বরপল্লি এলাকায় জমি বিবাদ নিয়ে এক বিজেপি যুব নেতাকে পিটিয়ে খুনের অভিযোগ ওঠে ৩ যুবকের বিরুদ্ধে। সেই ঘটনার পর শুক্রবার এলাকায় গিয়ে পরিস্থিতি খতিয়ে দেখেন বিধায়ক। স্থানীয় বাসিন্দারা তাঁকে অভিযোগ করেন, এলাকায় মদের দোকানে অবাধে মদ বিক্রি হচ্ছে। মদ্যপানের দৌরাত্ম্যে সমস্যায় পড়ছেন সাধারণ মানুষ। রাস্তা দিয়ে যাতায়াত দুর্বিসহ হয়ে পড়েছে। এরপর সংশ্লিষ্ট মদের দোকানে গিয়ে ট্রেড লাইসেন্স দেখতে চান বিধায়ক। কিন্তু দোকান মালিক সেই মুহূর্তে তা দেখাতে পারেননি। পরে ফোনে দোকান মালিকের সঙ্গে কথা বলে বিধায়ক প্রশ্ন তোলেন, দোকানের লাইসেন্স নেওয়ার সময় আশপাশে জনবসতি ও স্কুল থাকার বিষয়টি কি কর্তৃপক্ষকে জানানো হয়েছিল? কোনও তথ্য গোপন করে লাইসেন্স নেওয়া হয়েছে কিনা, সেই প্রশ্নও তোলেন তিনি। বিধায়ক দোকান মালিককে প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে বিডিও অফিসে গিয়ে ব্লক প্রশাসনের কাছে আবেদন জানানোর পরামর্শ দেন। পাশাপাশি, কোনও তথ্য গোপন করে লাইসেন্স নেওয়া হয়ে থাকলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের সঙ্গেও কথা বলা হবে ও আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি জানান।

অণ্ডালে ফের ধস বাড়ছে, আতঙ্ক

নিজস্ব সংবাদদাতা, অণ্ডাল : ছটপুজোর প্রস্তুতির মধ্যেই অণ্ডালের খান্দরা পঞ্চায়েতের সিদুলি এলাকায় ভয়াবহ ধস নামে। মুহূর্তের মধ্যে মাটিরতলায় তলিয়ে যায় আস্ত বাড়ি। ঘরের আসবাবপত্র, টিভি, খাট-বিছানা থেকে নগদ টাকা-সবই ধসে চাপা পড়ে। অল্পের জন্য প্রাণে রক্ষা পান বাড়ির মালিক রামা ভুঁঞ্যা ও তাঁর সন্তান। স্থানীয় সূত্রে জানা গেছে, শনিবার বাড়ির গৃহকর্ত্রী ছটপুজোর সামগ্রী কিনতে বাজারে গিয়েছিলেন। সেসময় বাড়িতে খাটে শুয়েছিলেন রামা ভুঁঞ্যা। আচমকা বিকট শব্দ শুনে সন্তানকে নিয়ে বাইরে বেরিয়ে আসেন তিনি। এর কিছুক্ষণের মধ্যেই চোখের সামনে গোটা বাড়িটি মাটির তলায় তলিয়ে যায়। সরকারি আবাস যোজনায় তৈরি বাড়িটি হারিয়ে কার্যত সর্বস্বান্ত পরিবারটি। ঘটনায় এলাকায় আতঙ্ক ছড়িয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছোয় বনবহাল ফাঁড়ির পুলিশ। স্থানীয়দের অভিযোগ, খনি লাগোয়া এই এলাকায় আগেও ধস ও বিষাক্ত গ্যাস বেরোনোর ঘটনা ঘটেছে। কিন্তু বারবার বিপর্যয়ের পরেও ইসিএলের তরফে পর্যাপ্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে না। ছটপুজোর আগে সর্বস্ব হারিয়ে এখন চরম অনিশ্চয়তায় দিন কাটছে অসহায় পরিবারটির।

বারুইপুরে নেহরুর ১৩৭তম জন্মদিন পালন

প্রদীপকুমার সিংহ, বারুইপুর : শনিবার দেশের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুর ১৩৭তম জন্মদিবস পালিত হয় বারুইপুরের বিভিন্ন জায়গায়। এদিনটি শিশুদিবস হিসেবে উদযাপন হওয়ায় বারুইপুরে মদারাট পোস্ট অফিসের কাছে বিশিষ্ট সমাজসেবী শ্রীধর পালের উদ্যোগে পোস্টমাস্টার, পোস্ট অফিসের কর্মী, শিশু, স্কুলের পড়ুয়ারা জওহরলাল নেহরুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধার্ঘ্য জানান। পাশাপাশি এদিন বারুইপুর মহকুমা হাসপাতালে বিজেপির অন্নপূর্ণা মাতৃশক্তির পরিচালনায় রক্তদান শিবির হয়। এই অনুষ্ঠানে সহযোগিতা করে বারুইপুর মহকুমা হাসপাতালের ব্লাড ব্যাঙ্ক। ছিলেন বিজেপি যাদবপুর জেলার সংগঠনের সম্পাদক বিশ্বজিৎ পাল সহ অন্যান্য কার্যকর্তা ও মহিলা যুব মোর্চার সদস্যরা। বিজেপির যাদবপুর জেলা মহিলা মোর্চার সদস্য মহুয়া উপাধ্যায় বলেন, 'বারুইপুর মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাঙ্কে রক্তের চাহিদা মেটানোর জন্য রক্তদান শিবির হয়। এদিন বারুইপুর হাসপাতালে প্রসূতি বিভাগে ভরতি থাকা এক রোগীর রক্তের প্রয়োজন পড়ায় তাঁর পরিবারের লোক এসে রক্তদান শিবিরের উদ্যোক্তাদের জানান। তাঁরা সঙ্গে সঙ্গে ব্লাড ডোনারকে সেখানে পাঠিয়ে দিয়ে রক্তের চাহিদা মেটান। এদিন শিবিরে প্রায় মহিলা ও পুরুষ মিলে মোট ৬২জন রক্তদান করেন।'

DHANVERDHI EXPORTS LTD
Regd Office: A-402, Mangalam, 24/26 Hemanta Basu Sarani, Kolkata- 700 001
CIN: L51220WB1985PLC217048, Tel No.(033) 22436243, Email: dhanverdhiexports@gmail.com

EXTRACT OF STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER AND 6 MONTHS ENDED SEPTEMBER, 30, 2026
₹ in Lakhs

Sr. No.	Particulars	Quarter Ended			Half Year Ended
		Sept, 30, 2026	June, 30, 2026	Sept ,30, 2025	Sept, 30, 2026
		Unaudited	Unaudited	Unaudited	Unaudited
1	Total Income	3.58	6.61	(0.47)	10.19
2	Profit(+) / (Loss) (-) from ordinary activities before Tax and Exceptional Items	0.85	4.06	(3.31)	4.91
3	Profit(+) / (Loss) (-) for the period after Tax (after Extraordinary Items)	(0.04)	3.35	(0.40)	3.31
4	Total Comprehensive Income for the period (comprising profit / (loss) for the period after Tax	(91.34)	(5.82)	66.94	(97.16)
5	Paid up Equity Share Capital (F.V-10/-)	100	100.00	100.00	100.00
6	Earnings per Share(E.P.S) (Not annualised)				
	a) Basic & Diluted EPS before Extraordinary Items	-	0.33	(0.04)	0.33
	b) Basic & Diluted EPS after Extraordinary Items	-	0.33	(0.04)	0.33

Notes:
1. The above results have been reviewed by the Audit Committee and subsequently approved by the Board of Directors at their meeting held on Friday ,13th November, 2026 and have also been subjected to "Limited Review" by the Statutory Auditors
2. The above results for the quarter and half year ended 30th September, 2026 , are IND AS complaint results and have been prepared in accordance with the applicable indian accounting standard (Ind AS) notified by the Ministry of Affairs
3. In accordance with the Regulation 33 of the SEBI (LODR) Regulations 2015, the Statutory Auditors of the Company have carried out Limited Review of the Results for the quarter ended September 30, 2026 only

For and on behalf of the Board
Sudha Agarwalla
Managing Director
DIN: 00938365

Place: Kolkata
Dated: 13.11.2026

ময়ূরভঞ্জ ট্রেডস অ্যান্ড এজেন্সিস লিমিটেড
CIN : L24117WB1979PLC023322
রেজিস্টার্ড অফিস : ৭, ওয়াটার লু স্ট্রীট, দ্বিতীয় তল, কলকাতা - ৭০০০৬৯
ওয়েবসাইট : www.mayurbhanjtrades.in, ই-মেল : info.mayurbhanj@gmail.com, ফোন : ০৩৩ ২২৪৮ ০৬০২
৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষাণ্মাসিকের একমেবাদ্বিতীয়াম অনিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ
(ইপিএস বাদে লাখ টাকায়)

ক্র. নং	বিবরণ	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৬	সমাপ্ত ষাণ্মাসিক ৩০.০৯.২০২৬	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৫
		অনিরীক্ষিত	অনিরীক্ষিত	অনিরীক্ষিত
১.	কাজ থেকে মোট আয় (প্রকৃত)	৩০.৬৭	৪৪.৬৫	১৭.১৮
২.	ত্রৈমাসিক / বছরের প্রকৃত লাভ / (ক্ষতি), (কর, ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার আগে)	২.৯১	৪.৬০	১.৯৯
৩.	করের আগে ত্রৈমাসিক / বছরের প্রকৃত লাভ / (ক্ষতি), (ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার পরে)	২.৯১	৪.৬০	১.৯৯
৪.	করের পর এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি), (ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার পরে)	২.৯১	৪.৬০	১.৯৯
৫.	এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় [(এই পর্ব থেকে বিস্তৃত আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য বিস্তৃত আয় (করের পর)]	২.৯১	৪.৬০	১.৯৯
৬.	ইকুইটি শেয়ার মূলধন	২০.০০	২০.০০	২০.০০
৭.	মজুত (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত সংরক্ষণ) বিগত বছরের নিরীক্ষিত ব্যালান্সশীট অনুযায়ী	-	-	-
৮.	শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য)			
	মূল	১.৪৬	২.৩০	০.৯৯
	লঘুকৃত	১.৪৬	২.৩০	০.৯৯

দ্রষ্টব্য :
১. সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। কোম্পানীর পুঙ্খানুপুঙ্খ ত্রৈমাসিকের আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের এই ওয়েবসাইট(গুলিতে) ও কোম্পানীর ওয়েবসাইটে www.mayurbhanjtrades.in
২. ৩০.০৯.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষাণ্মাসিকের আইএনডি এএস কমপ্লেন আর্থিক ফলাফলটি ১৪.১১.২০২৬ তারিখে অনুষ্ঠিত সভায় কোম্পানীর অডিট কমিটি দ্বারা ফলাফলটি নিরীক্ষিত হয়েছে ও বোর্ড অফ ডিরেক্টর দ্বারা অনুমোদিত হয়েছে।
৩. ৩০.০৯.২০২৬ ও ৩০.০৯.২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের পরিসংখ্যানগুলো হল — ৩০.০৯.২০২৬ তারিখে সমাপ্ত ষাণ্মাসিকের ও সংশ্লিষ্ট বছরগুলোতে প্রকাশিত ত্রৈমাসিকের নিরীক্ষিত পরিসংখ্যান, যা সীমিত পর্যালোচনার আওতায় ছিল — এ দুটির মধ্যবর্তী পার্থক্য বা ভারসাম্য নির্দেশকারী সংখ্যা।

বোর্ড অফ ডিরেক্টরের পক্ষে ও সমর্থনে
হরেন্দ্র সিং
(DIN : 06870959)
হোল-টাইম ডিরেক্টর

স্থান : কলকাতা
তারিখ : ১৪.১১.২০২৬

OFFICE OF THE DEBRA-1 GRAM PANCHAYAT
(DEBRA PANCHAYAT SAMITY)
Vill.- Baragarh, PO- Debra Bazar,Dist.- Paschim Medinipur
NOTICE INVITING e-TENDER
Memo No : 744/DEB-I/2026 Dated: 14/11/2026
NIT No.: DEBRA-1/02/2026-2027
The Executive Assistant, Debra-1 Gram Panchayat invites 07 nos. tenders for supplying of brick-bats & moorum for construction of mitti moorum under Debra-1 GP. Intending Bidders may access detailed information & respond from e-procurement portal of Government of West Bengal at **www.wbtenders.gov.in.** Bid submission start date (online) **14/11/2026 at 06.55 PM to 20/11/2026 at 11.30 AM.**
Sd/- Pradhan
Debra-1 Gram Panchayat

Nandigram-II Dev. Block
Reapara :: Purba Medinipur
Block Development officer, Nandigram-II Dev. Block, Purba Medinipur invites online Tender Notice against i) Tender Memo no-4352/BDO-N-II/2026, Dated- 13.11.2026 for 1 (ONE) No. of Scheme.
Last Date of application for above Tender is 27.11.2026 up to 5:00 P.M.
Details of tender are available in WB Govt. tender site. (www.tenders.wb.gov.in)
Sd/-
Block Development Officer
Nandigram- II Dev. Block

জগদীশ্বর ফার্মাসিউটিক্যাল ওয়ার্কস লিমিটেড
২১/৭, সাহাপুর কলোনী, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা - ৭০০০৫৩
CIN : L24232WB1987PLC281952
ই-মেল : jpwltd@yahoo.com; ওয়েবসাইট : jagadishwarpharma.com; টেলি : +৯১-৯১৬৩৫১৩০১৫
জগদীশ্বর ফার্মাসিউটিক্যাল ওয়ার্কস লিমিটেডের ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (আইএনডি-এএস) অনুযায়ী তৈরি
(অর্থাঙ্ক লাখ টাকায়)

৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ

বিবরণ	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৬ (অনিরীক্ষিত)	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৫	সমাপ্ত বছর ৩১.০৩.২০২৬ (নিরীক্ষিত)
কাজ থেকে মোট আয় (প্রকৃত)	১০.৬১৯	১৪.৯৯২	৪৩.৭৫৬
এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি), (কর, ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার আগে)	৯.০৯৩	(৫.২৩১)	১.০১৯
করের আগে এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি), (ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার পরে)	৯.০৯৩	(৫.২৩১)	১.০১৯
করের পর এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি), (ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার পরে)	৮.০৩৫	(৫.২৩১)	০.৮৫৮
এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় (এই পর্ব থেকে বিস্তৃত আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য বিস্তৃত আয় (করের পর))	৮.০৩৫	(৫.২৩১)	৮.৯৩৪
ইকুইটি শেয়ার মূলধন (প্রারম্ভিক মূল্য প্রত্যেকটি ১০ টাকা করে)	২৯৭০.০২০	২৯৭০.০২০	২৯৭০.০২০
মজুত (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত)	-	-	১৩২.৩৩৮
শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য)			
(ক) মূল :	০.০২৭		০.০০৩
(খ) লঘুকৃত :	০.০২৭		০.০০৩

দ্রষ্টব্য :
১. উপরোক্ত আর্থিক ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা রিভিউ করা হয়েছে ও শুক্রবার ১৩.১১.২০২৬ তারিখে, অনুষ্ঠিত সভায় বোর্ড অফ ডিরেক্টরগণ এর রেকর্ড রেখেছেন। ৩০.০৯.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফল কোম্পানির সংবিধিবদ্ধ নিরীক্ষকগণ দ্বারা লিমিটেড রিভিউ সম্পাদন করা হয়েছে।
২. সেবি (লিস্টিং অবলিগেশন্স অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। কোম্পানীর সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে (www.msei.in) ও কোম্পানীর ওয়েবসাইটে www.jagadishwarpharma.com
৩. উপরোক্ত আর্থিক ফলাফলগুলি কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস ২০১৫ এর ('আইএনডি এএস') এর কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ এর সেকশন ১৩৩ সহ কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস ২০১৫ ও সময়ে সময়ে সংশোধিত কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস ২০১৬ এর রুল ৩ এর সঙ্গে সামঞ্জস্য রেখে তৈরি করা হয়েছে।

জগদীশ্বর ফার্মাসিউটিক্যাল ওয়ার্কস লিমিটেড এর পক্ষে ও সমর্থনে
স্বাঃ/-
স্বপন সরকার
ডিরেক্টর
DIN : 05149442
তারিখ : ১৩ নভেম্বর, ২০২৬
স্থান : কলকাতা

MLD বাতেলি টী কোম্পানী লিমিটেড
রেজিস্টার্ড অফিস : ১৩০ কটন স্ট্রীট, কলকাতা-৭০০০০৭
CIN : L40100WB1919PLC003227, ওয়েবসাইট : www.mldalmiagroup.com
ইমেল : kolkata@mldgroup.in, ফোন : ০৩৩-৪০৯২-৬৪১৫
৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষাণ্মাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ
উপরোক্ত অনিরীক্ষিত ৩০.০৯.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষাণ্মাসিকের আর্থিক ফলাফলটি ১৪.১১.২০২৬ তারিখে অনুষ্ঠিত বোর্ড অফ ডিরেক্টরদের একটি সভায় অনুমোদিত হয়েছে। অডিটরদের লিমিটেড রিভিউ রিপোর্ট সহ ফলাফল কোম্পানির ওয়েবসাইট https://mldgroup.in/reports/pdf/bateli_quarterly_financial_results/2026-27/BTCL-FR-Quarterly-Results-Sep26.pdf-তে উপলব্ধ এবং এটি নিম্নলিখিত কিউআর কোড স্ক্যান করেও পাওয়া যাবে।
স্থান : কলকাতা
তারিখ : ১৪.১১.২০২৬
বাতেলি টী কোম্পানী লিমিটেড এর পক্ষে
স্বাক্ষর/-
ডিরেক্টর
দ্রষ্টব্য : সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার) রেগুলেশনস, ২০১৫'এর ৪৭(১) নং রেগুলেশন ও ৩৩ নং রেগুলেশন অনুযায়ী উপরোক্ত বিজ্ঞপ্তিটি করা হয়েছে।

MLD ডালমিয়া ল্যামিনেটর্স লিমিটেড
রেজিস্টার্ড অফিস : ১৩০ কটন স্ট্রীট, কলকাতা-৭০০০০৭
CIN : L51491WB1986PLC040284, ওয়েবসাইট : www.mldalmiagroup.com
ইমেল : kolkata@mldgroup.in, ফোন : ০৩৩-৪০৯২-৬৪১৫
৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষাণ্মাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ
উপরোক্ত অনিরীক্ষিত ৩০.০৯.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষাণ্মাসিকের আর্থিক ফলাফলটি ১৪.১১.২০২৬ তারিখে অনুষ্ঠিত বোর্ড অফ ডিরেক্টরদের একটি সভায় অনুমোদিত হয়েছে। অডিটরদের লিমিটেড রিভিউ রিপোর্ট সহ ফলাফল কোম্পানির ওয়েবসাইট https://mldgroup.in/reports/pdf/bateli_quarterly_financial_results/2026-27/DLL-FR-Quarterly-Results-Sep26.pdf-তে উপলব্ধ এবং এটি নিম্নলিখিত কিউআর কোড স্ক্যান করেও পাওয়া যাবে।
স্থান : কলকাতা
তারিখ : ১৪.১১.২০২৬
ডালমিয়া ল্যামিনেটর্স লিমিটেড এর পক্ষে
স্বাক্ষর/-
ডিরেক্টর
দ্রষ্টব্য : সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার) রেগুলেশনস, ২০১৫'এর ৪৭(১) নং রেগুলেশন ও ৩৩ নং রেগুলেশন অনুযায়ী উপরোক্ত বিজ্ঞপ্তিটি করা হয়েছে।

ব্লু চিপ ইন্ডিয়া লিমিটেড
রেজিস্টার্ড অফিস: ১০প্রিন্সেপ স্ট্রীট, দ্বিতীয় তল, কলকাতা - ৭০০ ০৭২
ই-মেল : bluechipindialimited@gmail.com, ওয়েবসাইট : www.bluechipind.com
ফোন নং : ৯১ ৩৩ ৪০০২ ২৮৮০ / ৯২২৩৪০০৪৩৪
CIN : L65991WB1993PLC060597
৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলের সংক্ষিপ্ত বিবরণ

বিবরণ	একমেবাদ্বিতীয়াম (লাখ টাকায়)					
	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৬	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৬	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৫	সমাপ্ত ষাণ্মাসিক ৩০.০৯.২০২৬	সমাপ্ত ষাণ্মাসিক ৩০.০৯.২০২৫	সমাপ্ত বছর ৩১.০৩.২০২৬
কাজের থেকে মোট আয় (প্রকৃত)	-	-	-	-	-	১৭.৫০
সাধারণ কার্যকলাপ থেকে করের আগে এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি)	(১০.২৬)	(২২.৩৩)	(১৬.০৪)	(৩২.৬০)	(২৬.৪৮)	(২৮.১২)
সাধারণ কার্যকলাপ থেকে করের পর এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি)	(১০.২৬)	(২২.৩৩)	(১৬.০৪)	(৩২.৬০)	(২৬.৪৮)	(২৮.১২)
করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ / ক্ষতি (ব্যতিক্রমী দফার পরে)	(১০.২৬)	(২২.৩৩)	(১৬.০৪)	(৩২.৬০)	(২৬.৪৮)	(২৮.১২)
করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ / ক্ষতি (ব্যতিক্রমী দফার আগে)	(১০.২৬)	(২২.৩৩)	(১৬.০৪)	(৩২.৬০)	(২৬.৪৮)	(২৮.১২)
আদায়দত্ত ইকুইটি শেয়ার মূলধন (প্রারম্ভিক মূল্য ১০টাকা করে)	১১০৬.০৯	১১০৬.০৯	১১০৬.০৯	১১০৬.০৯	১১০৬.০৯	১১০৬.০৯
মজুত (পূর্ববর্তী বছরের ব্যালান্সশীট অনুযায়ী পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত)	-	-	-	-	-	-
শেয়ার প্রতি আয় (ব্যতীক্রমী দফার আগে) (প্রতিটি ১০ টাকা করে)						
মূল	(০.০১)	(০.০৪)	(০.০৩)	(০.০৬)	(০.০৫)	(০.০৫)
লঘুকৃত	(০.০১)	(০.০৪)	(০.০৩)	(০.০৬)	(০.০৫)	(০.০৫)
শেয়ার প্রতি আয় (ব্যতীক্রমী দফার পরে) (প্রতিটি ১০ টাকা করে)						
মূল	(০.০১)	(০.০৪)	(০.০৩)	(০.০৬)	(০.০৫)	(০.০৫)
লঘুকৃত	(০.০১)	(০.০৪)	(০.০৩)	(০.০৬)	(০.০৫)	(০.০৫)

দ্রষ্টব্য :
১) পূর্ববর্তী বছর / পর্বের অর্থাঙ্কের সাথে পুনর্বিন্যাসিত / পুনর্সজ্জিত (যখন যেটা প্রয়োজনীয়) করে উপরোক্ত বিবরণীটি তৈরি করা হয়েছে।
২) উপরোক্ত বিবরণীটি কোম্পানি পরিচালন সংবিধিবদ্ধ নিরীক্ষকগণদ্বারা পুনর্মূল্যায়িত হয়েছে ও ১৩.১১.২০২৬ তারিখে অনুষ্ঠিত পরিচালন পর্ষদের মিটিংয়ে তা অনুমোদিত হয়েছে। এছাড়াও ৩০.০৯.২০২৬ তারিখের সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলটি কোম্পানির নিরীক্ষকগণদ্বারা সীমিত পুনর্মূল্যায়িত হয়েছে।
৩) কোম্পানিটি শুধুমাত্র একটি ব্যবসার সাথে যুক্ত তাই আইএনডিএএস ১০৮ অনুযায়ী 'পর্ব ভিত্তিক বিবরণের' প্রয়োজন নেই।

বোর্ডের আদেশানুসারে
ব্লু চিপ ইন্ডিয়া লিমিটেড-এর পক্ষে
স্বা/-
আরিহান্ত জৈন
ম্যানেজিং ডিরেক্টর
DIN : 00174557

স্থান : কলকাতা
তারিখ : ১৩.১১.২০২৬